

# সিলেট বোর্ডে পাসের হার কমার কারণ গণিত ও ইংরেজিতে খারাপ ফল

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, সোমবার, ০৭ মে ২০১৮

সিলেট শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার পাসের হারে গণিত এবং ইংরেজি বিষয়ে খারাপ ফলাফলের প্রভাব পড়েছে বলে মনে করেন সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কবির আহমেদ।

গতকাল বেলা ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এসএসসির ফল ঘোষণা করেন কবির আহমেদ।

ঘোষিত ফল অনুযায়ী এবার সিলেট বোর্ডে ৭০ দশমিক ৪২ শতাংশ শিক্ষার্থী পাস করেছে, যা গত বছরের থেকে ৯ দশমিক ৮৪ শতাংশ কম। গত বছর এই বোর্ডে পাসের হার ছিল ৮০ দশমিক ২৬ শতাংশ। আর সিলেট বোর্ডে এ বছর জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ১৯১ জন শিক্ষার্থী। গত বছরের তুলনায় ৫২৮ জন বেশি। সিলেট বোর্ডে গত বছর জিপিএ-৫ পায় ২ হাজার ৬৬৩ জন।

পাসের হার কমার কারণ হিসেবে পরীক্ষা নিয়ন্ত্রক কবির আহমেদ বলেন, সাধারণ গণিত ও

হংরোজতে ফল খারাপ করার কারণে এবার পাসের হার কমেছে।

বিপরীতে জিপিএ-৫ বাড়ার কারণ সম্পর্কে তিনি বলেন, ‘প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তিবান্ধব পাঠদান চালু রয়েছে। এ কাষক্রম আবার জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসগুলো নিয়মিত পর্যবেক্ষণ করছে। এটি গুণগত শিক্ষা নিশ্চিত করছে। জিপিএ-৫ বাড়ার পেছনে এটি অন্যতম কারণ।’

সিলেট বোর্ডে এবার ১ লাখ ৮ হাজার ৯২৮ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ৭৬ হাজার ৭১০ জন। পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তিতে এগিয়ে রয়েছে ছেলেরা। ছেলেদের পাসের হার ৭১ দশমিক ৩৩ শতাংশ এবং মেয়েদের পাসের হার ৬৯ দশমিক ৭১ শতাংশ।

মোট ৩ হাজার ১৯১ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ছেলে ১ হাজার ৭১৮ ও মেয়ে ১ হাজার ৪৭৩ জন। সিলেটের চার জেলায় শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ২৩টি। কেউ পাস করেনি এমন প্রতিষ্ঠান নেই। সিলেট জেলায় পাসের হার ৭৩ দশমিক ৮০ শতাংশ, হবিগঞ্জে ৭০ দশমিক ৩৪, মৌলভীবাজারে ৬৬ দশমিক ৯৯ ও সুনামগঞ্জে ৬৮ দশমিক ৫৩ শতাংশ।